

৬ মাসে এক লাখ হিসাব খুলেছে স্কুলশিক্ষার্থীরা

বাংলাদেশ প্রতিবেদন

মাত্র ছয় মাসের ব্যবধানে প্রায় এক লাখ ব্যাংক হিসাব খুলেছে স্কুলশিক্ষার্থীরা। স্কুল ব্যাংকিং বিষয়ে বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ প্রতিবেদনে এ তথ্য উঠে এসেছে। প্রতিবেদন অনুযায়ী, দুই বছর আগের তুলনায় গত আট মাসে সারাদেশে দুই লাখ ২৪ হাজার ১৭১৯ স্কুলশিক্ষার্থী ব্যাংক হিসাব খুলেছে। এর মাধ্যমে শিক্ষার্থীরা ব্যাংকগুলোতে ১২৮ কোটি ৪৭ লাখ টাকা জমা করেছে।

২০১০ সালের নভেম্বরে বাংলাদেশ ব্যাংক সার্বজনীন জরি করে স্কুলপড়ুয়া ছেলেনমেয়েদের ব্যাংক হিসাব খোলার জন্য ততসিলি ব্যাংকগুলোকে নির্দেশ দেয়। স্কুলপড়ুয়া ছাত্রছাত্রীদের ব্যাংকিং সেবা ও প্রযুক্তির সঙ্গে পরিচিত করা এবং সঙ্কল্পের মাধ্যমে কোমলমতি ছাত্রছাত্রীদের অবনৈতিক করণক্রমে অংশ নেয়ার মাধ্যমে দেশের আর্থিক সেবাক্রমিক বৃদ্ধির লক্ষ্যে বিশেষ গুরুত্বের সঙ্গে স্কুল ব্যাংকিং প্রচলন করে বাংলাদেশ ব্যাংক।

প্রতিবেদনের তথ্য অনুযায়ী, ২০১২ সালের ডিসেম্বর শেষে ৪৫টি ব্যাংকে রক্ষিত মোট হিসাবের সংখ্যা ছিল এক লাখ ৩৩ হাজার। ওই সময় এসব হিসাবের বিপরীতে মোট স্থিতি ছিল ৯৬ কোটি ৫১ লাখ টাকা। গত জুন শেষে ৪৬টি ব্যাংকে মোট হিসাবের সংখ্যা

বর্তমানে প্রতিটি হিসাবের
বিপরীতে গড় স্থিতি প্রায়
৫ হাজার ৭১৬ টাকা

দাঁড়িয়েছে দুই লাখ ২৪ হাজার ৭১৯টি এবং এর বিপরীতে মোট স্থিতি ১২৮ কোটি ৪৭ লাখ টাকা। বর্তমানে প্রতি হিসাবের বিপরীতে গড় স্থিতি প্রায় টাকা ৫ হাজার ৭১৬ টাকা। সরকার মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকগুলোতে চার হাজার ২৭০টি হিসাব রয়েছে শিক্ষার্থীদের।

আর বিশেষায়িত ব্যাংকগুলোতে রয়েছে চার হাজার ২৭৯টি, বেসরকারি ব্যাংকগুলোতে দুই লাখ ১৫ হাজার ৫৯৭টি এবং বিদেশি ব্যাংকগুলোতে ৫৯৭টি হিসাব রয়েছে। সদ্য লাইসেন্স পাওয়া ৯টি ব্যাংক এখনো স্কুল ব্যাংকিং শুরু করেনি।